

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি'র পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন

টুঞ্জিপাড়া, ২০ জুলাই ২০১৯

আজ বেলা সাড়ে এগারোটায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ, মোনাজাত ও শ্রদ্ধা নিবেদন করেছেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে কিছু সময় নীরবে দাঁড়িয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর ফাতেহা পাঠ ও মোনাজাতে অংশ নেন।

এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন বায়রা'র সভাপতি বেনজীর আহমেদ এমপি,গোপালগঞ্জ জেলা পরিষদ চেয়ারম্যান এমদাদুল হক চৌধুরী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, মোঃ যাহিদ হোসেন, মোঃ মোজাফফর হোসেন, জৈন্তাপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামাল আহমদ, কোম্পানিগঞ্জ উপজেলা পরিষদের শামীম আহমেদ, গোয়াইনঘাট কলেজের অধ্যক্ষ মোঃ ফজলুল হক, গোয়াইনঘাট উপজেলা আওয়ামীলীগ এর সভাপতি মোঃ ইব্রাহীম হোসেন সহ জৈন্তাপুর, গোয়াইনঘাট ও কোম্পানিগঞ্জ উপজেলা আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।



